দৈনিক ইত্তেফাক
তারিখ 07 OCT 1990
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

40

# বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী বাস্তবায়নে সহায়তা করুন

— কাজী জাফর

বাসস জানায়, গতকাল (শনিবার) ঢাকায় শিল্পকলা একাডেমীতে সরকারী ও বেসরকারী কলেজ ও মাদ্রাসার প্রিন্সিপালদের এক সম্মেলনে প্রধান অতিথির ভাষণদান

( ১১শ পৃঃ দ্রঃ )

## কাজী জাফর

(১ম পৃঃ পর)

কালে প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীর সফল বাস্তবায়নে সহায়তার জন্য তাঁহাদের গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের আহ্বান জানান।

শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত এই সম্মেলনে প্রেসিডেন্টের প্রাথমিক শিক্ষা বিষয়ক উপদেষ্টা মনসুর আলী সরকার, শিক্ষা সচিব আ,ন,ম, ইউসুফ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহের মহাপরিচালক আবদুর রশীদ এবং প্রাথমিক শিক্ষা পরিদফতরের মহাপরিচালক আবুল হোসেইনও বক্তৃতা করেন।

কাজী জাফর আহমদ বলেন, সরকার ৪০ লক্ষ শিশুকে স্কুলে ভর্তির উদ্যোগ লইয়াছে। এজন্য আগামী জুলাইর মধ্যে ৪ হাজার ৫ শত নয়া প্রাথমিক বিদ্যালয় নির্মাণ করা হইবে। এই বিদ্যালয়গুলির মধ্যে দুই হাজারটি নির্মাণ করা হইবে নিজস্ব সম্পদ দ্বারা।

বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী বাস্তবায়নে তাঁহাদের শিক্ষা প্রতিষ্ঠানে মর্নিং শিফট চালাইতে দিতে সম্মত আছেন কি-না জিজ্ঞাসা করা হইলে প্রিন্সিপালগণ হাত উঠাইয়া প্রধানমন্ত্রীকে তাঁহাদের সম্মতিসূচক ইচ্ছা ব্যক্ত করেন। প্রধানমন্ত্রী বলেন, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা সমন্বয় কমিটিতে উপজেলা পর্যায়ে কলেজ শিক্ষকদের প্রতিনিধিত্ব থাকিবে। ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়েও সমন্বয় কমিটি থাকিবে। 'শিশুদের স্কুলে আন' ইহাই হইবে আমাদের পরবর্তী শ্লোগান।

মনসুর আলী সরকার বলেন, ১৯৯১ সালে ১ কোটি ৫২ লক্ষ শিশুর স্কুলে যাওয়ার বয়স হইবে। তন্মধ্যে প্রায় ৪০ লক্ষ শিশুকে স্কুলে ভর্তির ব্যবস্থা করা হইবে।